- বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্প হতে প্রদত্ত আর্থিক সুবিধা বৃদ্ধিকরণ;

| চাকরিকাল | অবসরজনিত সুবিধা | | | মৃত্যুজনিত সুবিধা |
|---|---|---|---|---|
| | ক শ্রেণি | খ শ্রেণি | গ শ্রেণি | |
| সদস্য অন্তর্ভুক্ত হওয়া থেকে ০৬ বছর পর্যন্ত | ২০,০০০/- | ১৫,০০০/- | ১০,০০০/- | ১০,০০,০০০/- (সকল শ্রেণি কর্মকর্তা/ কর্মচারীদের জন্য প্রযোজ্য |
| ০৬+ হতে ১২ বছর পর্যন্ত | ৪৫,০০০/- | ৩৫,০০০/- | ২৫,০০০/- | |
| ১২+ হতে ১৮ বছর পর্যন্ত | ৭০,০০০/- | ৫০,০০০/- | ৩৫,০০০/- | |
| ১৮+ হতে ২৫ বছর পর্যন্ত | ১,০০,০০০/- | ৭৫,০০০/- | ৫৫,০০০/- | |
| ২৫ বছর তদুর্ধ | ১,৫০,০০০/- | ১,০০,০০০/- | ৭৫,০০০/- | |

- দেশের বর্তমান প্রেক্ষাপটে চিকিৎসার ব্যয় ব্যপক হারে বৃদ্ধি পাওয়ায় কারা কর্মচারী স্বাস্থ্য স্কিমের চিকিৎসা ব্যয় সংক্রান্তে আর্থিক সুবিধা ৩,০০,০০০/-(তিন লক্ষ মাত্র) টাকায় উন্নীত করা হয়েছে।

## কারা অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রশাসনিক ব্যবস্থা ঃ

- কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১ এ কর্মরত সর্বপ্রধান কারারক্ষী আহম্মেদ শরীফ মিলনকে বন্দি নির্যাতন, বন্দিদের অপরাধমূলক কর্মকান্ড কারা কর্তৃপক্ষকে অবগত না করে আড়াল করা, বন্দি ও স্টাফদের সাথে খারাপ আচরণ এবং বন্দিদের হয়রানিসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকান্ডে লিপ্ত হওয়ার অভিযোগে প্রশাসনিক কারণে কারা উপ-মহাপরিদর্শকের কার্যালয়, খুলনা বিভাগ, যশোরে সংযুক্ত করা হয়েছে।
- রাজবাড়ী জেলা কারাগারে কর্মরত কারারক্ষী নং-১৫১১৮ মোঃ নিশু মিয়াকে বন্দির আত্মীয়-স্বজনের সাথে অবৈধ যোগাযোগ, আর্থিক লেনদেন, ভিতর ও বাহির ক্যান্টিনে ডিউটির বিনিময়ে অর্থ গ্রহণের অভিযোগে প্রশাসনিক কারণে জয়পুরহাট জেলা কারাগারে বদলি করা হয়েছে।
- নাটোর জেলা কারাগারে কর্মরত কারারক্ষী নং-৩৩০২০ মোঃ সুমন হোসেন (বর্তমানে সাময়িক বরখাস্ত)কে বন্দির স্ত্রীর সাথে অনৈতিক কাজে লিপ্ত হবার অভিযোগে প্রশাসনিক কারণে চাঁদপুর জেলা কারাগারে সংযুক্ত করা হয়েছে।
- বান্দরবান জেলা কারাগারে কারাভ্যন্তরে মোবাইল সরবরাহ, আর্থিক লেনদেন ও বন্দিদের সাথে গভীর সখ্যতা থাকার জন্য ০১ (এক) জন সর্বপ্রধান কারারক্ষী ও ০২ (দুই) জন কারারক্ষীকে সাময়িক বরখাস্ত করা সহ অপর ০১ (এক) জন প্রধান কারারক্ষী ও ০৬ (ছয়) জন কারারক্ষীকে প্রশাসনিক কারণে বদলি করা হয়েছে।
- শরীয়তপুর জেলা কারাগারে কর্মরত (বর্তমানে সাময়িক বরখাস্ত) কারারক্ষী নং-১৫০৪২ অজয় দাসকে উশৃংখল আচরণ, উর্ধ্বতনের আদেশ অমান্য করার প্রবনতা, উর্ধ্বতনের সাথে উগ্রতা প্রদর্শন, কর্তব্যে অনীহা বিলম্বে কর্তব্যে আগমন, কর্মস্থলে অনুপস্থিত ও মাদকের সাথে সম্পৃক্ততার অভিযোগে প্রশাসনিক কারণে বান্দরবান জেলা কারাগারে সংযুক্ত ও অপর ০১ জন কারারক্ষীকে গাইবান্ধা জেলা কারাগারে বদলী করা হয়েছে।
- চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে কর্মরত কারারক্ষী নং-২২৭৭৯ মোঃ রফিকুল ইসলামকে বন্দিদের সাথে আর্থিক লেনদেন ও মাদক সেবনের সাথে সম্পৃক্ততা থাকার অভিযোগে প্রশাসনিক কারণে ঝিনাইদহ জেলা কারাগারে বদলী করা হয়েছে।
- সিলেট কেন্দ্রীয় কারাগার-২ এ কর্মরত কারারক্ষী নং-০০৬৩৯ সোহানুর রহমান ও অপর ০৫(পাঁচ) জন কারারক্ষীকে প্রশাসনিক কারণে অন্য বিভাগে বদলী করা হয়েছে।

## কারা অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রশাসনিক ব্যবস্থা ঃ

- মৌলভীবাজার জেলা কারাগারে কর্মরত কারারক্ষী নং-০০৬১২ আব্দুস ছালাম ও অপর ০২(দুই) জন কারারক্ষীকে প্রশাসনিক কারণে অন্য বিভাগে বদলী করা হয়েছে।
- রাজবাড়ী জেলা কারাগারে কর্মরত মহিলা কারারক্ষী নং- ১৩৭৬১ মোছাঃ পিস্তা আক্তারকে দায়িত্ব অবহেলা, মহিলা বন্দিদের মারধর, বন্দি/দর্শণার্থীদের সাথে অশোভন আচরণ, উশৃঙ্খল আচরণের অভিযোগে প্রশাসনিক কারণে ফেনী জেলা কারাগার-২ এ বদলী করা হয়েছে।
- কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী কর্মরত কারারক্ষী নং-৩২৮২৭ স্বাধীন কুমার মন্ডলকে গোপন ও স্পর্শকাতর দাপ্তরিক তথ্য আদান-প্রদান করার অভিযোগে প্রশাসনিক কারণে রাঙ্গামাটি জেলা কারাগারে বদলী করা হয়েছে।
- ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার প্রেষণে সিলেট কেন্দ্রীয় কারাগার-২, বন্দরবাজারে কর্মরত কারারক্ষী নং-০০০৮৬ আনোয়ার হোসেন ও অপর ১৪ জন কারারক্ষীকে নিজ বিভাগে প্রত্যাবর্তন করা হয়েছে।
- খুলনা জেলা কারাগারে কর্মরত ফ্যাক্টরী ওভারশীয়ার জনাব মোঃ আব্দুর রহিম (সাময়িক বরখাস্ত)কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হয়েছে।
- বগুড়া জেলা কারাগারে কর্মরত গাড়ী চালক জনাব মোঃ সাইফুল ইসলাম (সাময়িক বরখাস্ত) কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসাদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হয়েছে।
- সুনামগঞ্জ জেলা কারাগারে কর্মরত কারারক্ষী নং-২২৬৩২ মোঃ মাসুদ রানাকে (সাময়িক বরখাস্ত) উর্ধ্বতনের আদেশ অমান্য,অসদাচরণ, শৃংখলাভঙ্গ, উর্ধ্বতনের প্রতি কুরুচিপূর্ণ অঙ্গভঙ্গি প্রদর্শন ও অসম্মানজনক আচরণ, অফিস কক্ষে উর্ধ্বতনকে আক্রমনের চেষ্টা এবং অনুমতি ব্যতীত সরকারী বাসভবনে প্রবেশের চেষ্টার অভিযোগে প্রশাসনিক কারণে নড়াইল জেলা কারাগারে সংযুক্ত করা হয়েছে।
- ফরিদপুর জেলা কারাগারে কর্মরত কারারক্ষী নং-১২২৬৯ মোঃ আসাদুজ্জামান ও অপর ০২(দুই) জন কারারক্ষীকে বন্দিদের মাদক সরবরাহ, মাদক সেবন, বন্দিদের সাথে উশৃংখল আচরণ, বন্দিদের আত্মীয়-স্বজনের সাথে যোগাযোগ, ডিউটিতে বিলম্বে আসা, রোলকলে অনুপস্থিত, মাসিক দরবার ও সাপ্তাহিক প্যারেডে অনুপস্থিত, বাজার খাতায় স্বাক্ষর না করে কারা এলাকা ত্যাগ এবং উর্ধ্বতনের সাথে উশৃংখল আচরণের অভিযোগে প্রশাসনিক কারণে অন্য বিভাগের বদলী করা হয়েছে।

**কারাগারের জরুরী সেবা হটলাইন নম্বর**

**16191** 24/7 SERVICE

প্রকাশনায়: প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট

বাংলাদেশ জেল



# "রাখিব নিরাপদ দেখাব আলোর পথ"

বাংলাদেশ জেল মাসিক প্রকাশনা

# কারা অধিদপ্তর
# আভ্যন্তরীণ সংবাদ প্রবাহ

প্রবাহ-১৬
অক্টোবর ২০২৫



## প্রশিক্ষণঃ

- Sydney,Australia অনুষ্ঠিত Australian Correctional Leadership Program 2025 এ কারা মহাপরিদর্শক, ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন অংশ গ্রহণ করেন।
- Turkiye, Istanbul এ অনুষ্ঠিত "27th Annual Conference of The International Corrections and Prisons Association (ICPA)" এ অতিরিক্ত কারা মহাপরিদর্শক, কর্নেল মোহাম্মদ মোস্তফা কামাল ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়, উপ সচিব (কারা-১ শাখা) মোঃ হাফিজ আল-আসাদ প্রশিক্ষণ গ্রহণ করেছেন।
- South Korea এ অনুষ্ঠিত "Asian and Pacific Conference of Correctional Administrators (APCCA)" এ অতিরিক্ত কারা মহাপরিদর্শক কর্নেল মোঃ তানভীর হোসেন ও জেল সুপার, জনাব মোঃ তারেক কামাল প্রশিক্ষণে অংশ গ্রহণ করেছেন।
- Singapore এ অনুষ্ঠিত " International CorrectionalLeadership Programme 2025 " এ সিনিয়র জেল সুপার জনাব হালিমা খাতুন ও জেল সুপার জনাব আব্দুল বারেক প্রশিক্ষণ গ্রহণ করেছেন।
- GIZ এবং আন্তর্জাতিক সংস্থা "Collective Leadership Institution (CLI)" এর যৌথ উদ্যোগে কম্বোডিয়ায় (টিবিডি) অনুষ্ঠিত Training on 'The Art of Stakeholder Collaboration in October 2025' এ জনাব মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন, সিনিয়র জেল সুপার ও জনাব দেওয়ান মোহাম্মদ তারিকুল ইসলাম, সহকারী কারা মহাপরিদর্শক প্রশিক্ষণ গ্রহণ করেছেন।
- ০৪ সপ্তাহ মেয়াদী জাহানাবাদ সেনানিবাস, খুলনায় অনুষ্ঠেয় Mess Waiter Dev Course-10 এ প্রশিক্ষণে (১) শওকত আলী, অফিস সহায়ক ও (২) শরীফুল, অফিস সহায়ককে মনোনয়ন প্রদান করা হয়েছে।
- ০৮ সপ্তাহ মেয়াদী জাহানাবাদ সেনানিবাস, খুলনায় অনুষ্ঠেয় আদার আর্মস এমটি কোর্স-৮৪ এ কারারক্ষী নং-২৩৫৭৯ আলমগীর হোসেনকে মনোনয়ন প্রদান করা হয়েছে।
- ৫ম জাতীয় থ্রোবল প্রতিযোগিতা নারী ও পুরুষ-২০২৫ এর জন্য বাংলাদেশ জেল দল গঠন করা হয়েছে।
- নবনিয়োগকৃত অফিস সহকারী, কম্পিউটার মুদ্রাক্ষরিক ও কারা শিক্ষকদেরকে কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট হতে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## কারা মহাপরিদর্শকের নির্দেশনা

বর্তমান সময়ে দেশে ভাইরাসজনিত জ্বর (যেমন-ডেঙ্গু, চিকনগুনিয়া ও অন্যান্য ভাইরাস জনিত জ্বর) ক্রমাগত বেড়ে চলেছে। এই পরিস্থিতিতে বাংলাদেশ জেল এর সকল বন্দী ও কর্মকর্তা-কর্মচারীদের সচেতন ও সতর্ক থাকার আহবান জানানো হয়েছে। বন্দীদের স্বাস্থ্য ও নিরাপত্তা অগ্রাধিকার দিয়ে সকলকে নিয়মিত বিশুদ্ধ পানি পান করা, পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা এবং প্রয়োজনে তাৎক্ষণিকভাবে চিকিৎসা কেন্দ্রে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়েছে। প্রয়োজনে কারা অধিদপ্তরের সাথে সমন্বয় করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করার পাশাপাশি সচেতনতা বৃদ্ধিসহ সকল স্বাস্থ্যবিধি মেনে চলা, কারা এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ নিয়মিত মশক নিধন ঔষধ স্প্রে করার জন্য প্রয়োজনীয় নির্দেশ প্রদান করা হয়েছে।



বেস্ট সার্ভিসেস ইন প্রিজন্স-এ মাননীয় কারা মহাপরিদর্শক মহোদয়ের নিকট হতে সম্মাননা স্মারক গ্রহণ করছেন ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জের সিনিয়র জেল সুপার।



জেল সুপার পদে পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাগণকে মাননীয় কারা মহাপরিদর্শক মহোদয় র‍্যাংক ব্যাজ পরিয়ে দিচ্ছেন।



মাননীয় কারা মহাপরিদর্শক মহোদয়ের সাথে কারা তত্ত্বাবধায়ক পদে পদোন্নতি প্রাপ্ত ও বেস্ট সার্ভিসেস ইন প্রিজন্স-এ মনোনীত কর্মকর্তাগণ।

## কারা অধিদপ্তরের উন্নয়নমূলক কার্যক্রম ঃ

- ১৭(সতের) জন জেলারকে জেল সুপার পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।
- ১৭ জন জেলার (ভারপ্রাপ্ত) কে জেলার (চলতি দায়িত্ব) এবং ২২(বাইশ) জন ডেপুটি জেলারকে জেলার (ভারপ্রাপ্ত) পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।
- ১৬৭ (একশত সাতষট্টি) জন সহকারী প্রধান কারারক্ষীকে প্রধান কারারক্ষী পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।
- কারারক্ষীর জ্যেষ্ঠতার তালিকা অনুযায়ী কারারক্ষী হতে সহকারী প্রধান কারারক্ষী পদে পদোন্নতির কার্যক্রম চলমান রয়েছে।
- ট্রাস্ট ব্যাংকের অনুকূলে কারা কর্মকর্তা-কর্মচারীদের জন্য বিনাসুদে অনধিক ৩,০০,০০০/-(তিন লক্ষ মাত্র) টাকার ঋন প্রদান করা হচ্ছে।
- কারা অধিদপ্তরাধীন বিভিন্ন দপ্তর, কেন্দ্রীয় ও জেলা কারাগার এবং বিভিন্ন ইউনিটে সৃজিত পদের অনুকূলে অস্ত্র-গোলাবারুদ, যানবাহন, অফিস সরঞ্জামাদি ও নিরাপত্তা সরঞ্জামাদির হালনাগাদ করা হচ্ছে।
- সাময়িক বরখাস্তকৃত কারা কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগসমূহ সাময়িক বরখাস্তের তারিখ হতে পরবর্তী ৬০(ষাট) কর্মদিবসের মধ্যে দ্রুত তদন্ত করত নিষ্পত্তির প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।
- দেশের সকল কারাগারে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মধ্য হতে যাচাই-বাছাই করত ০১ জন কর্মচারীকে পবিত্র হজ্ব পালনের জন্য মনোনীত করা হয়েছে।
- ফেনী জেলা কারাগার-২ এ বন্দি স্থানান্তরের মধ্য দিয়ে কারাগারের দৈনন্দিন কার্যক্রম শুরু হয়েছে।
- খুলনা নবনির্মিত জেলা কারাগারে বন্দি স্থানান্তরের মধ্য দিয়ে কারাগারের দৈনন্দিন কার্যক্রম শুরু হয়েছে।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে কারা অধিদপ্তরের স্টাফদের জন্য ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজন করা হয়েছে।


ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জে স্টাফ কল্যাণ মাসে অনুষ্ঠিত ক্রিকেট টুর্ণামেন্টের পুরস্কার বিতরণ করা হয়েছে।


গাজীপুর জেলা কারাগারে সৎ ও দায়িত্বশীল কর্তব্যপালনের জন্য মহিলা কারারক্ষী নং-৪১৯৯৩ আরজিনা আক্তারকে সম্মাননা স্মারক প্রদান করা হয়েছে।


নারায়ণগঞ্জ জেলা কারাগারে স্টাফ কল্যাণ মাস উপলক্ষে বিভিন্ন ক্যাটাগরিতে সম্মাননা ও বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের পুরস্কার বিতরণ করা হয়েছে।


স্টাফ কল্যাণ মাস উপলক্ষে গোপালগঞ্জ জেলা কারাগারে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান।

## "অক্টোবর ২০২৫" স্টাফ কল্যাণ মাস উপলক্ষে কারাগার সমূহে পালিত কর্মসূচী ঃ

### ঢাকা বিভাগ-১ঃ

- **ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ :** ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রীতিভোজের আয়োজন করা হয়েছে।
- **বিশেষ কেন্দ্রীয় কারাগার কেরাণীগঞ্জ :** পরিষ্কার-পরিচ্ছন্নতা, স্বাস্থ্যসেবা, কারারক্ষী মেস উদ্বোধন, ক্রীড়া প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণ করা হয়েছে।
- **নারায়ণগঞ্জ জেলা কারাগার :** স্বাস্থ্যসেবা, কারা এলাকা পরিষ্কার পরিচ্ছন্নতা, স্টাফ ক্লাবে এলইডি টিভি প্রদান, পুকুরের মাছ বিতরণ, লটারীর মাধ্যমে ১০ জনকে পুরষ্কার প্রদান, ক্রীড়া প্রতিযোগিতা বিজয়ীদের পুরষ্কার বিতরণ করা হয়েছে।
- **মুন্সিগঞ্জ জেলা কারাগার :** স্বাস্থ্যসেবা, ক্রীড়া প্রতিযোগিতা, সেবাপরায়ণ কর্মচারীদের সম্মাননা প্রদান, পুরষ্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।
- **ফরিদপুর জেলা কারাগার :** কারা এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতা, কারা পুকুরের মাছ বিতরণ, স্বাস্থ্যসেবা, আলোচনা সভা, চিত্রাঙ্কন ও ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রীতিভোজের আয়োজন করা হয়েছে।
- **রাজবাড়ী জেলা কারাগারে :** ক্রীড়া প্রতিযোগিতা, আলোকসজ্জা, প্রীতিভোজ ও পুরষ্কার বিতরণ করা হয়।
- **গোপালগঞ্জ জেলা কারাগার :** স্বাস্থ্যসেবা, মতবিনিময় সভা, ক্রীড়া প্রতিযোগিতা, সেবা পরায়ণ কর্মচারীদের সম্মাননা প্রদান, পরিষ্কার-পরিচ্ছন্নতা, পুরষ্কার বিতরণ করা হয়েছে।
- **শরীয়তপুর জেলা কারাগার :** স্টাফদের মাঝে কারা পুকুরের মাছ বিতরণ, সাঁতার প্রতিযোগিতার আয়োজন করা হয়।
- **মাদারীপুর জেলা কারাগার :** ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠান, সেবাপরায়ন কর্মচারীদের সম্মাননা প্রদান ও পদোন্নতিপ্রাপ্ত কর্মচারীদের র‍্যাংক ব্যাজ প্রদান ও প্রীতিভোজের আয়োজন করা হয়।

### ঢাকা বিভাগ-২ :

- **কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১ গাজীপুর :** স্বাস্থ্যসেবা, সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
- **কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ গাজীপুর :** স্বাস্থ্যসেবা, ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
- **কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগার, গাজীপুর :** স্বাস্থ্য সেবা, ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।


স্টাফ কল্যাণ মাসে ঢাকা বিশেষ কারাগারে উন্নত পরিবেশে কারারক্ষী মেস উদ্বোধন করা হয়েছে।


স্টাফ কল্যাণ মাস উপলক্ষে মাদারীপুর জেলা কারাগারে পুরষ্কার বিতরণ করা হয়েছে।


স্টাফ কল্যাণ মাস উপলক্ষে কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগার, গাজীপুর-এ পুরষ্কার বিতরণী অনুষ্ঠান।


রাজবাড়ী জেলা কারাগারে স্টাফদের বস্তালাফ দৌড় প্রতিযোগিতার দৃশ্য।



কিশোরগঞ্জ জেলা কারাগারে স্টাফ কল্যাণ মাস উপলক্ষে দাবা খেলার আয়োজন করা হয়েছে।



বাংলাদেশ জেল মাসিক প্রকাশনা
প্রবাহ ১৬


দিনাজপুর জেলা কারাগারে স্টাফ কল্যাণ মাস উপলক্ষে সেবাপরায়ণ কর্মচারীদের বিশেষ সম্মাননা প্রদান করা হয়েছে।


পঞ্চগড় জেলা কারাগারে স্টাফ কল্যাণ মাস উপলক্ষে বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের পুরষ্কৃত করা হয়েছে।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে কুড়িগ্রাম জেলা কারাগারে স্টাফদের সন্তানদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার দৃশ্য।


স্টাফ কল্যাণ মাস উপলক্ষে ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগারের স্টাফদের সন্তানদের মোরগ লড়াই প্রতিযোগিতার দৃশ্য।


শেরপুর জেলা কারাগারে স্টাফদের স্বাস্থ্য পরীক্ষা ক্যাম্পের আয়োজন করা হয়েছে।

- **পঞ্চগড় জেলা কারাগার :** স্বাস্থ্যসেবা, ক্রীড়া প্রতিযোগিতা, পিঠা উৎসব, সেবাপরায়ণ কর্মচারীকে সম্মাননা প্রদান, প্রীতিভোজ ও পুরষ্কার বিতরণ করা হয়।
- **ঠাকুরগাঁও জেলা কারাগার :** ক্রীড়া প্রতিযোগিতা ও সাধারণভাবে পুরষ্কার বিতরণ করা হয়েছে, বিশেষ কোন অনুষ্ঠান হয় নাই।
- **নীলফামারী জেলা কারাগার :** মেডিকেল ক্যাম্প, চিত্রাঙ্কন ও ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ ও প্রীতিভোজের আয়োজন করা হয়েছে।
- **লালমনিরহাট জেলা কারাগার :** স্বাস্থ্যসেবা, মতবিনিময় সভা, চিত্রাঙ্কন ও ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়।
- **কুড়িগ্রাম জেলা কারাগার :** স্বাস্থ্যসেবা, ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
- **গাইবান্ধা জেলা কারাগার :** স্বাস্থ্যসেবা, ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ ও প্রীতিভোজের আয়োজন করা হয়।

### ময়মনসিংহ বিভাগঃ

- **ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার :** ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ ও প্রীতিভোজের আয়োজন করা হয়েছে।
- **নেত্রকোনা জেলা কারাগার :** স্বাস্থ্যসেবা, ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ ও প্রীতিভোজের আয়োজন করা হয়।
- **শেরপুর জেলা কারাগার :** স্বাস্থ্যসেবা, ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
- **জামালপুর জেলা কারাগার :** স্বাস্থ্য সেবা, ক্রীড়া প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণ করা হয়।


কারা অধিদপ্তর তল্লাশি কার্যক্রমকে আরও কার্যকর ও পেশাদার করার লক্ষ্যে সম্প্রতি অধিদপ্তর নিজস্ব অর্থায়নে দুটি প্রফেশনাল হ্যান্ড মাইন ডিটেক্টর ক্রয় করা হয়েছে।


দেশের সকল কারাগারে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে হতে যাচাই-বাছাই করত সর্ব প্রধান কারারক্ষী জনাব মোঃ রোস্তম আলীকে পবিত্র হজ্ব পালনের জন্য মনোনীত করা হয়েছে।


নীলফামারী জেলা কারাগারের কারারক্ষী নং-৩২২৭৪ মোঃ মাহিদুর ইসলামকে দায়িত্বপালনে আন্তরিকতা ও কর্মদক্ষতার জন্য সম্মাননা সনদ, ক্রেস্ট ও নগদ টাকা পুরস্কার প্রদান করা হয়েছে।



ঠাকুরগাঁও জেলা কারাগারে সেবাপরায়ণ কর্মচারী হিসেবে রিজার্ভ প্রধান কারারক্ষীকে সম্মাননা স্মারক ও পুরষ্কৃত করা হয়েছে।


স্টাফ কল্যাণ মাস উপলক্ষে গাইবান্ধা জেলা কারাগারে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।


নেত্রকোনা জেলা কারাগারে স্টাফ কল্যাণ মাস উপলক্ষে বিভিন্ন ইভেন্টে বিজয়ী স্টাফদের পুরষ্কৃত করা হয়েছে।


জামালপুর জেলা কারাগারে স্টাফ কল্যাণ মাস উপলক্ষে বিভিন্ন ইভেন্টে বিজয়ী স্টাফদের পুরষ্কৃত করা হয়েছে।

বাংলাদেশ জেল



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে কক্সবাজার জেলা কারাগারে বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের পুরষ্কার বিতরণ করা হয়েছে।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে ফেনী জেলা কারাগারে স্টাফ পরিবারের মহিলা সদস্যদের বালিশ খেলার দৃশ্য।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে সিরাজগঞ্জ জেলা কারাগারে আয়োজিত বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের পুরষ্কার বিতরণ করা হয়েছে।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে চাঁপাইনবাবগঞ্জ জেলা কারাগারে খেলাধুলা ও অন্যান্য বিষয়ে বিজয়ীদের পুরষ্কৃত করা হয়েছে।



স্টাফ কল্যাণ মাসে নাটোর জেলা কারাগারের স্টাফদের সন্তানদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা।

- **বান্দরবান জেলা কারাগার :** স্টাফ ও তাদের পরিবার বর্গের বিভিন্ন ইভেন্টের ক্রীড়া প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণ করা হয়েছে।
- **লক্ষ্মীপুর জেলা কারাগার :** স্টাফদের সন্তানদের চিত্রাঙ্কন ও স্টাফদের ক্রীড়া প্রতিযোগিতা, পরিষ্কার পরিচ্ছন্নতা, স্বাস্থ্যসেবা, প্রীতিভোজ ও পুরষ্কার বিতরণ করা হয়েছে।
- **চাঁদপুর জেলা কারাগার :** বিনামূল্যে স্বাস্থ্য সেবা, চিত্রাঙ্কন ও ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ ও প্রীতিভোজের আয়োজন করা হয়েছে।
- **ফেনী জেলা কারাগার-১ :** স্বাস্থ্যসেবা, ক্রীড়া প্রতিযোগিতা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, সেবা পরায়ণ কর্মচারীদের সম্মাননা প্রদান, পুরষ্কার বিতরণ, সাংস্কৃতির অনুষ্ঠান ও প্রীতিভোজের আয়োজন করা হয়েছে।

## রাজশাহী বিভাগ :

- **রাজশাহী কেন্দ্রীয় কারাগার :** স্বাস্থ্যসেবা, সূলভমূল্যের দোকান, কারা পুকুরের মাছ বিতরণ, ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, পুরষ্কার বিতরণ ও প্রীতিভোজের আয়োজন করা হয়েছে।
- **চাঁপাইনবাবগঞ্জ জেলা কারাগার :** স্বাস্থ্য সেবা ক্যাম্প, স্টাফদের ক্রীড়া সামগ্রী বিতরণ, ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রীতিভোজের আয়োজন করা হয়েছে।
- **নাটোর জেলা কারাগার :** প্রত্যেক স্টাফকে বন্দিদের তৈরী একটি করে ব্যাগ বিতরণ, ক্রীড়া প্রতিযোগিতা, সেবাপরায়ণ কর্মচারী কারারক্ষী নং-৩২১৬২ মো: সোলাইমানকে সম্মাননা প্রদান, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরষ্কার বিতরণ করা হয়।
- **সিরাজগঞ্জ জেলা কারাগার :** চিত্রাঙ্কন ও ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, পুরষ্কার বিতরণ ও প্রীতিভোজের আয়োজন করা হয়।
- **জয়পুরহাট জেলা কারাগার :** স্বাস্থ্যসেবা, মতবিনিময় সভা, ক্রীড়া প্রতিযোগিতা, সেবাপরায়ণ কর্মচারীদের সম্মাননা প্রদান, কারারক্ষী মেসের উন্নয়ন, সাংস্কৃতিক অনুষ্ঠান, পুরষ্কার বিতরণ ও প্রীতিভোজের আয়োজন করা হয়।
- **নওগাঁ জেলা কারাগার :** স্বাস্থ্য সেবা ক্যাম্প, কারা এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতা, স্টাফ ও স্টাফদের সন্তানদের বিভিন্ন ইভেন্টে ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রীতিভোজের আয়োজন করা হয়েছে।
- **বগুড়া জেলা কারাগার :** চিত্রাঙ্কন ও ক্রীড়া প্রতিযোগিতা, লটারী, সেবা পরায়ন কর্মচারীকে সম্মাননা প্রদান, পুরষ্কার বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রীতিভোজের আয়োজন করা হয়।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে বান্দরবান জেলা কারাগারে আয়োজিত বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের পুরষ্কার বিতরণ করা হয়েছে।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে রাজশাহী কেন্দ্রীয় কারাগারে স্বাস্থ্য সেবা ক্যাম্প আয়োজন করা হয়েছে।




বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নওগাঁ কর্তৃক নওগাঁ জেলা কারাগারে বন্দিদের টেলিভিশন বিতরণ করা হয়।



জয়পুরহাট জেলা কারাগারে সৎ ও দায়িত্বশীল কর্তব্যপালনের জন্য সর্বপ্রধান কারারক্ষী জনাব আইয়ুব আলীকে সম্মাননা স্মারক প্রদান করা হয়েছে।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে পাবনা জেলা কারাগারে ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের পুরষ্কৃত করা হয়েছে।







স্টাফ কল্যাণ মাস উপলক্ষে বগুড়া জেলা কারাগারে বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের পুরষ্কার বিতরণ করা হয়েছে।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে পটুয়াখালী জেলা কারাগারে বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের পুরষ্কার বিতরণ করা হয়েছে।



যশোর কেন্দ্রীয় কারাগারে পদোন্নতিপ্রাপ্ত প্রধান কারারক্ষীদের র‍্যাংক ব্যাজ পরানো হয়েছে।




স্টাফ কল্যাণ মাস উপলক্ষে কুষ্টিয়া জেলা কারাগারে প্রীতিভোজের প্যাকেট বিতরণ করা হয়েছে।



চুয়াডাঙ্গা জেলা কারাগারে স্টাফদের মধ্যে ফুটবল খেলার আয়োজন করা হয়েছে।

- **পাবনা জেলা কারাগার :** স্টাফ ও স্টাফদের সন্তানদের বিভিন্ন ইভেন্টে ক্রীড়া ও কুইজ প্রতিযোগিতা, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রীতিভোজ এবং সততা ও দায়িত্বশীল কর্তব্যপালনের জন্য মহিলা কারারক্ষী নং-৩১৭৫২ সামছুন্নাহারকে ওয়ার্ক অব এ্যাক্সিলেন্ট এ্যাওয়ার্ড-২০২৫ প্রদান করা হয়।

## বরিশাল বিভাগ :

- **বরিশাল কেন্দ্রীয় কারাগার :** আলোচনা সভা, স্বাস্থ্যসেবা, ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।
- **পটুয়াখালী জেলা কারাগার :** সকল কর্মচারীদের টি-শার্ট প্রদান, ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, পুরষ্কার বিতরণ ও প্রীতিভোজের আয়োজন করা হয়।
- **ভোলা জেলা কারাগার :** ক্রীড়া প্রতিযোগিতা, স্বাস্থ্য ক্যাম্প, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরষ্কার বিতরণ করা হয়।
- **পিরোজপুর জেলা কারাগার-১:** স্বাস্থ্য সেবা, কারা এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতা, বিছানার চাদর বিতরণ, স্টাফ ও স্টাফদের সন্তানদের বিভিন্ন ইভেন্টে ক্রীড়া প্রতিযোগিতা, সেবা পরায়ণ ০২ জন কর্মচারীকে সম্মাননা প্রদান, মতবিনিময় সভা, চাকরি বহি হালনাগাদ, প্রীতিভোজ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরষ্কার বিতরণ করা হয়।
- **ঝালকাঠি জেলা কারাগার :** স্বাস্থ্যসেবা, ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ ও প্রীতিভোজের আয়োজন করা হয়।
- **বরগুনা জেলা কারাগার :** স্বাস্থ্য সেবা, ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরষ্কার বিতরণ করা হয়।

## খুলনা বিভাগ:

- **যশোর কেন্দ্রীয় কারাগার :** বিনামূল্যে স্বাস্থ্য সেবা, কারা এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতা, ফুটবল, কুইজ, সততা ও দায়িত্বশীল কর্তব্য পালনের জন্য ১০ জন কর্মচারীকে সম্মাননা প্রদান, পুকুরের মাছ বিতরণ, স্টাফদের চাকরি বহি হালনাগাদ, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরষ্কার বিতরণ করা হয়েছে।
- **খুলনা জেলা কারাগার :** স্বাস্থ্যসেবা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরষ্কার বিতরণ করা হয়েছে।
- **কুষ্টিয়া জেলা কারাগার :** সকল স্টাফদের কারা পুকুরের মাছ বিতরণ, পরিষ্কার-পরিচ্ছন্নতা, স্বাস্থ্যসেবা, আলোচনা সভা, সেবাপরায়ণ ০২ জন কর্মচারীকে সম্মাননা প্রদান, পুরষ্কার বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রীতিভোজের আয়োজন করা হয়।
- **সাতক্ষীরা জেলা কারাগার :** ক্রীড়া প্রতিযোগিতা, মতবিনিময় সভা, স্বাস্থ্যসেবা ক্যাম্প, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরষ্কার বিতরণ করা হয়।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে পিরোপজপুর-১ কারাগারে স্টাফদের বিছানার চাদর বিতরণ করা হয়েছে।



**“খেলাধুলায় বাড়ে বল, মাদক ছেড়ে খেলতে চল”** এ স্লোগানকে ধারণ করে স্টাফ কল্যাণ মাসে ভোলা জেলা কারাগারে বিভিন্ন খেলাধুলা আয়োজন করা হয়।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে ঝালকাঠি জেলা কারাগারে বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের পুরষ্কার বিতরণ করা হয়েছে।



খুলনা জেলা কারাগারে স্টাফদের কেরাম খেলার প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে সাতক্ষীরা জেলা কারাগারে আয়োজিত বিভিন্ন ইভেন্টে পুরষ্কার হাতে বিজয়ীরা।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে ঝিনাইদহ জেলা কারাগারে বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের পুরষ্কার বিতরণ করা হয়েছে।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে নড়াইল জেলা কারাগারে আয়োজিত বিভিন্ন ইভেন্টের পুরষ্কার বিতরণ।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে সিলেট কেন্দ্রীয় কারাগার-১ স্টাফদের মধ্যে মিনিবার ফুটবল খেলার আয়োজন করা হয়েছে।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে হবিগঞ্জ জেলা কারাগারে ক্রীড়া ও প্যারেড অনুষ্ঠানে ড্রীল পারদর্শী কারারক্ষী নং-০৬২৩০ মো: রাব্বি মিয়াকে সম্মাননা স্মারক প্রদান করা হয়েছে।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে রংপুর কেন্দ্রীয় কারাগারে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

- **বাগেরহাট জেলা কারাগার :** স্বাস্থ্য সেবা, কারা এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতা, সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতা, সেবাপরায়ণ কর্মচারীদের সম্মাননা প্রদান, প্রীতিভোজ ও পুরষ্কার বিতরণ করা হয়েছে।
- **ঝিনাইদহ জেলা কারাগার :** মতবিনিময় সভা, কারা এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতা, স্বাস্থ্যসেবা, সেবাপরাণ কর্মচারীদের সম্মাননা প্রদান, পুরষ্কার বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রীতিভোজের আয়োজন করা হয়।
- **মাগুরা জেলা কারাগার :** বিনামূল্যে স্বাস্থ্য সেবা, ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়।
- **চুয়াডাঙ্গা জেলা কারাগার :** কারা এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতা, ক্রীড়া প্রতিযোগিতা, চাকরি বহি হালনাগাদ, স্বাস্থ্য সেবা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরষ্কার বিতরণ করা হয়।
- **মেহেরপুর জেলা কারাগার :** সততা ও সেবা পরায়ণ ০২ জন কর্মচারীকে সম্মাননা প্রদান ও ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়।
- **নড়াইল জেলা কারাগার :** ক্রীড়া প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণ করা হয়েছে।

## সিলেট বিভাগ:

- **সিলেট কেন্দ্রীয় কারাগার-১, বাদাঘাট :** ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ, সেবাপরায়ণ কর্মচারীদের সম্মাননা প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
- **সিলেট মেট্রোপলিটন কারাগার :** চিত্রাঙ্কন ও ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ করা হয়।
- **হবিগঞ্জ জেলা কারাগার :** পরিষ্কার-পরিচ্ছন্নতা, ক্রীড়া প্রতিযোগিতা, সেবাপরায়ণ ও ড্রিলে পারদর্শী কারারক্ষীকে সম্মাননা, পুরষ্কার বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রীতিভোজের আয়োজন করা হয়েছে।
- **সুনামগঞ্জ জেলা কারাগার :** মতবিনিময় সভা, বিনামূল্যে স্বাস্থ্য সেবা, ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
- **মৌলভীবাজার জেলা কারাগার :** স্বাস্থ্যসেবা, মতবিনিময় সভা, ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, পুরষ্কার বিতরণ ও সেবা পরায়ন কর্মচারীদের সম্মাননা প্রদান করা হয়।

## রংপুর বিভাগ :

- **রংপুর কেন্দ্রীয় কারাগার :** স্বাস্থ্যসেবা, মতবিনিময় সভা, ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, পুরষ্কার বিতরণ ও প্রীতিভোজের আয়োজন করা হয়েছে।
- **দিনাজপুর জেলা কারাগার :** স্বাস্থ্যসেবা, ক্রীড়া প্রতিযোগিতা, সেবাপরায়ন একজন কর্মচারীকে সম্মাননা প্রদান, আলোচনা সভা, কারা এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতা, পুরষ্কার ও প্রীতিভোজের আয়োজন করা হয়।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে বাগেরহাট জেলা কারাগারে পুরষ্কার বিতরণ করা হয়েছে।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে মাগুরা জেলা কারাগারের স্টাফদের ফুটবল দলের ফটোশেসন।



সিলেট মেট্রোপলিটন কারাগারে স্টাফদের রশি টানাটানি খেলার দৃশ্য।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে সুনামগঞ্জ জেলা কারাগারে আয়োজিত বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের পুরষ্কার বিতরণ করা হয়েছে।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে মৌলভীবাজার জেলা কারাগারে মহিলা স্টাফদের মধ্যে ঝুড়িতে বল নিক্ষেপ খেলার দৃশ্য।



বাংলাদেশ জেল মাসিক প্রকাশনা
প্রবাহ ১৬



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে টাঙ্গাইল জেলা কারাগারে বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের পুরষ্কার বিতরণ করা হয়েছে।



নরসিংদী জেলা কারাগারে বন্দী পুনর্বাসনের লক্ষ্যে বিভিন্ন ট্রেড উদ্বোধন করা হয়েছে।



ফরিদপুর জেলা কারাগারে স্টাফ কল্যাণ মাস উপলক্ষে স্বাস্থ্য সেবা ক্যাম্প আয়োজন করা হয়েছে।



কুমিল্লা কেন্দ্রীয় কারাগারে স্টাফদের সন্তানদের চিত্রাঙ্কন প্রতিযোগিতায় পুরষ্কার প্রদান করা হয়েছে।




স্টাফ কল্যাণ মাস উপলক্ষে ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগারের স্টাফদের জন্য সূলভ মূল্যের দোকান উদ্বোধন করা হয়েছে।

- **কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার, গাজীপুর :** ক্রীড়া প্রতিযোগিতা, স্বাস্থ্যসেবা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন, কারা ক্লাবে বিভিন্ন খেলার সামগ্রী, পানির ফিল্টার, টিভি স্থাপন করা হয়েছে ।
- **কিশোরগঞ্জ জেলা কারাগার-১ :** ক্রীড়া প্রতিযোগিতা, স্বাস্থ্যসেবা ক্যাম্প, আলোচনা সভা, সেবাপরায়ন ০২ জন কর্মচারীকে সম্মাননা প্রদান, সাংস্কৃতিক অনুষ্ঠান, পুরষ্কার বিতরণ ও প্রীতিভোজের আয়োজন করা হয়।
- **টাঙ্গাইল জেলা কারাগার :** বিনামূল্যে স্বাস্থ্যসেবা, কারা এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতা, মতবিনিময় সভা, ক্রীড়া ও কুইজ প্রতিযোগিতা, প্রীতিভোজ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
- **গাজীপুর জেলা কারাগার :** স্বাস্থ্যসেবা, ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রীতিভোজের আয়োজন করা হয়।
- **নরসিংদী জেলা কারাগার :** ক্রীড়া প্রতিযোগিতা, মতবিনিময় সভা, পুরষ্কার বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রীতিভোজ ও কারা বন্দিদের জন্য হস্তশিল্পের উদ্বোধন করা হয়।
- **মানিকগঞ্জ জেলা কারাগার :** চিত্রাঙ্কন ও ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

## চট্টগ্রাম বিভাগ :

- **চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার :** স্বাস্থ্যসেবা, ক্রীড়া প্রতিযোগিতা, মতবিনিময় সভার আয়োজন করা হয়।
- **কুমিল্লা কেন্দ্রীয় কারাগার :** স্বাস্থ্যসেবা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, সেবা পরায়ণ কর্মচারীদের সম্মাননা প্রদান, মতবিনিময় সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, পুরষ্কার বিতরণ করা হয়।
- **নোয়াখালী জেলা কারাগার :** চিত্রাঙ্কন ও ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণ, প্রীতিভোজ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
- **কক্সবাজার জেলা কারাগার :** ক্রীড়া প্রতিযোগিতা, প্রীতিভোজ ও পুরষ্কার বিতরণ করা হয়েছে।
- **ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগার :** স্টাফ মোটিভেশন, স্বাস্থ্য সেবা, পবিত্র কোরআন শিক্ষা ব্যবস্থা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, ক্রীড়া প্রতিযোগিতা, বিভিন্ন ক্যাটাগরিতে যোগ্য কর্মচারীকে সম্মাননা প্রদান, কুইজ প্রতিযোগিতা, কারা সেলুন ও সূলভ মূল্যের দোকান উদ্বোধন, প্রীতিভোজ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
- **রাঙ্গামাটি জেলা কারাগার :** স্বাস্থ্যসেবা, চিত্রাঙ্কন ও ক্রীড়া প্রতিযোগিতা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, পুরষ্কার বিতরণ করা হয়।
- **খাগড়াছড়ি জেলা কারাগার :** বিনামূল্যে স্বাস্থ্য সেবা, ক্রীড়া প্রতিযোগিতা, কারারক্ষী মেস মেরামত ও উন্নয়ন এবং পুরষ্কার বিতরণ করা হয়েছে।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে মুন্সিগঞ্জ জেলা কারাগারে সেবা পরায়ন কর্মচারী হিসেবে কারারক্ষী নং-১২৪৮৫ আবু সাঈদকে পুরষ্কৃত করা হয়েছে।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে মানিকগঞ্জ জেলা কারাগারে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।



চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে স্টাফদের কেরাম খেলার প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে লক্ষ্মীপুর জেলা কারাগারে স্টাফদের ক্রিকেট খেলার আয়োজন করা হয়েছে।



স্টাফ কল্যাণ মাস উপলক্ষে চাঁদপুর জেলা কারাগারে ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়েছে।